# বিআর২২

**বিআর২২ নাবী ধান**
**বন্যার পরে চাষ বাড়ান**

## জাত পরিচিতি

বিআর২২ বা কিরণ বন্যা প্রবণ এলাকায় বন্যা পরবর্তী সময়ে নাবী আমন হিসাবে চাষাবাদের জন্য একটি উফশী ধানের জাত। নাইজারশাইল-এর মতই এটি একটি আলোক সংবেদনশীল জাত। ১৯৮৮ সালে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এ জাত উদ্ভাবন করে।



বিআর২২

## জাতের বৈশিষ্ট্য

- এর উচ্চতা ১২৫ সেন্টিমিটার।
- আলোক সংবেদনশীল।
- এর চাল খাটো, মোটা ও সাদা।

## এজাতের বিশেষ প্রয়োজনীয়তা

বাংলাদেশে বন্যা একটি নিয়মিত প্রাকৃতিক দুর্যোগ। দেশের মোট ১৪.৪৯ মিলিয়ন হেক্টর জমির প্রায় অর্ধেকই বন্যাপ্রবণ। কোন কোন বছর শতকরা ৬০ ভাগেরও বেশী জমি বন্যা কবলিত হতে পারে। সাধারণত প্রবল বৃষ্টিপাতের কারণে জুন মাসে শুরু হয়ে আগস্টে বন্যা প্রকট আকার ধারণ করে। অর্থাৎ আমন মৌসুমের শুরু থেকে রোপণ এবং রোপণোত্তর কুশি গজানো অবস্থায় বন্যা হয়ে থাকে এবং আমন ধান ক্ষতিগ্রস্ত হয়। আমন ধানের প্রায় ২২% জমি বন্যাপ্রবণ এলাকার আওতাভুক্ত। বন্যাত্তর সময়ে কৃষকেরা সাধারণত স্থানীয় জাত নাইজারশাইল-এর আবাদ করে থাকেন। অথচ নাবী জাতের বিআর২২ চাষ করে তারা প্রায় দ্বিগুণ ফলন পেতে পারেন।

## জীবনকাল

এর জীবনকাল ১৫০ দিন। আলোক সংবেদনশীল হওয়ায় এর জীবনকাল বপন ও রোপণের সময়ের উপর নির্ভরশীল।




## ফলন

গড় ফলন হেক্টর প্রতি প্রায় ৫ টন।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজতলায় বীজ বপন ঃ** আষাঢ়-শ্রাবণ, নাবী: শ্রাবণের শেষ পর্যন্ত (১৫ জুন-১৫ আগষ্ট)।
২. **চারার বয়স ঃ** ৩০-৫০ দিন (নাবী রোপণের ক্ষেত্রে চারার বয়স বেশী হওয়া আবশ্যক)।
৩. **রোপণের সময় ঃ** স্বাভাবিক অবস্থায় শ্রাবণ-ভাদ্র (নাবী: আশ্বিনের শুরু থেকে মাঝামাঝি পর্যন্ত, অর্থাৎ সেপ্টেম্বরের ১৫-৩০ পর্যন্ত)।
৪ **রোপণ দূরত্ব ঃ** ২৫ X ১৫ সেন্টিমিটার।
৫. **চারা রোপণ ঃ** স্বাভাবিক অবস্থায় প্রতি গোছায় ২-৩টি চারা। নাবী রোপণের ক্ষেত্রে প্রতি গোছায় ৪-৫টি চারা।
৬. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) ঃ**

| ৬.১ | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিঙ্ক |
|---|---|---|---|---|---|
| | ২৪ | ১৩ | ৯ | ৮ | ১.৫ |

৬.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৬০ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম।

৭. **সেচ ব্যবস্থাপনা ঃ** ধানের দানা শক্ত না হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দেয়া আবশ্যক।
৮. **আগাছা দমন ঃ** রোপণের পর অন্তত ৪০ দিন আগাছামুক্ত রাখতে হবে।
৯. **রোগবালাই দমন ঃ** অনুমোদিত পদ্ধতি অনুসরণযোগ্য।
১০. **ফসল কাটা ঃ** ১৫-৩০ অগ্রহায়ণ (৩০ নভেম্বর-১৫ ডিসেম্বর)।

ফ্যাক্ট শীট আমন মাং নর

ব্রি বাংলাদেশ ধান গবেষণা

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষনা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd